সংবাদ

তারিখ 16 APR 2003
পৃষ্ঠা ১৬ কলাম ৪

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উদাসিনতা

# মেহেরপুরে অন্ধ শিক্ষা প্রকল্পটি বন্ধ হতে চলছে

গোলাম মোস্তফা, মেহেরপুর থেকে : মেহেরপুর জেলায় সমন্বিত অন্ধ শিক্ষা প্রকল্পের দীর্ঘদিন যাবৎ কোন কেন্দ্র না থাকার কারণে জেলার সমন্বিত অন্ধ শিক্ষা প্রকল্প বন্ধ হতে চলেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, 'অন্ধ জনে আলো দেয়' এ বাক্যের বাস্তবায়নে ১৯৮৭ সালে তৎকালীন সরকার সমাজ সেবা অধিদপ্তরের ব্যবস্থাপনায় মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিলে সমন্বিত অন্ধ শিক্ষা প্রকল্পের কার্যক্রম শুরু করে। সে সময় জেলার বিভিন্ন গ্রাম থেকে ৯ জন অন্ধ ছেলে মেয়েকে এই প্রকল্পে ভর্তি করার হয়। একজন কর্মকর্তাসহ মোট ২ জন এই অন্ধ ছেলে মেয়েদের দেখাশোনার ভার পায়। এই প্রকল্পের অন্ধ ছেলে মেয়েদের খুঁজে বের করার দায়িত্ব সমাজ সেবা অধিদপ্তরের উপর ন্যাস্ত থাকলেও কার্যত এ অধিদপ্তরের দায়িত্বে নিয়োজিত ব্যক্তিদের উদাসীনতা ও অনিহার কারণে জেলার অন্ধ ছেলে মেয়েদের সার্বিক কোন পরিসংখ্যান নেই।

এদিকে সমন্বিত অন্ধ শিক্ষা প্রকল্পের ভর্তিকৃত ৯ জন ছেলে মেয়ে এখানে নিয়মিত লেখাপড়া চালিয়ে গেলেও ১৯৯৯ সালের জুন মাসে এখানে দায়িত্বে থাকা কর্মকর্তাকে অন্যত্র বদলি করার পর অদ্যাবধি ওই কর্মকর্তার শূন্য স্থান পূরণ হয়নি। ফলে প্রকল্পের ভর্তিকৃত ছেলে-মেয়েদের শিক্ষা অনিশ্চয়তাসহ মুখ থুবড়ে পড়েছে। অন্ধ শিক্ষা প্রকল্পের আওতায় ভর্তিকৃত ছেলেমেয়েদের মধ্যে উপবৃত্তি প্রথা চালু থাকলেও ২০০০ সালের পর থেকে ওইসব ছেলেমেয়েদের উপবৃত্তি বন্ধ হয়ে গেছে। ফলে যেকজন ছেলেমেয়ে বিদ্যালয়ে আসা-যাওয়া করতো তারা আসা বন্ধ করে দিয়েছে। নতুন করে কোন ছেলেমেয়েকে ভর্তি করার ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কোন উদ্যোগ বা পদক্ষেপ না থাকায় জেলার অন্ধ শিক্ষা প্রকল্পটি বন্ধ হতে চলেছে। এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের আশু পদক্ষেপ নেওয়া উচিত বলে জেলাবাসী মনে করে।